# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪১৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪০৬]

১৪/ রাসূলুল্লাহ ﷺ এর উপর দরূদ ও সালাম প্রসঙ্গে ( كتاب الصلاة على رسول الله صلى الله عليه وسل)

পরিচ্ছেদঃ ২৪৩: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতি দরূদ ও সালাম পেশ করার আদেশ, তার মাহাত্ম্য ও শব্দাবলী

## (243) بَابُ الْأَمْرِ بِالصَّلَاةِ عَلٰى رَسُوْلِ اللهِ صلى الله عليه وسلم وَفَضْلِهَا وَبَعْضِ صِيَغِهَا

আরবী

وَعَنْ أَبي مَسعُودٍ البَدرِي رضي الله عنه، قَالَ: أَتَانَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، وَنَحنُ في مَجْلِسِ سَعدِ بن عُبَادَةَ رضي الله عنه، فَقَالَ لَهُ بَشِيْرُ بْنُ سَعدٍ رضي الله عنه : أَمَرَنَا الله تَعَالَى أَنْ نُصَلِّيَ عَلَيْكَ يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، فَكَيْفَ نُصَلِّي عَلَيْكَ ؟ فَسَكَتَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، حَتَّى تَمَنَّيْنَا أَنَّهُ لَمْ يَسْأَلْهُ، ثُمَّ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم : «قُولُوا: اَللهم صَلِّ عَلَى مُحَمَّدٍ، وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا صَلَّيْتَ عَلَى آلِ إبْرَاهِيمَ، وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ، كَمَا بَارَكْت عَلَى آلِ إبْرَاهِيمَ، إنَّكَ حَمِيدٌ مَجِيدٌ، وَالسَّلَامُ كَمَا قَدْ عَلِمْتُمْ» . رواه مسلم

বাংলা

১০/১৪১৪। আবূ মাসঊদ বদরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমরা সায়াদ ইবনে উবাদা রাদিয়াল্লাহু আনহু-এর মজলিসে উপবিষ্ট ছিলাম। এমন সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে এলে। বাশীর ইবনে সা’আদ তাঁকে বললেন, ’হে আল্লাহর রাসূল! মহান আল্লাহ আমাদেরকে আপনার প্রতি দরূদ পড়তে আদেশ করেছেন, কিন্তু কিভাবে আপনার উপর দরূদ পড়ব?’ আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিরুত্তর থাকলেন। পরিশেষে আমরা আশা করলাম, যদি (বাশীর) তাঁকে প্রশ্ন না করতেন (তো ভাল হত)। ক্ষণেক পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তোমরা বলো,

’আল্লা-হুম্মা স্বাল্লি আলা মুহাম্মাদিঁউ অআলা আ-লি মুহাম্মদ, কামা স্বাল্লাইতা আলা আ-লি ইবরা-হীম। অবা-রিক আলা মুহাম্মাদিঁউ অআলা আ-লি মুহাম্মদ, কামা বা-রাকতা আলা আ-লি ইবরা-হীম। ইন্নাকা হামীদুম মাজীদ।’

অর্থাৎ হে আল্লাহ! তুমি মুহাম্মদ তথা মুহাম্মদের পরিবারবর্গের উপর সালাত পেশ কর; যেমন সালাত পেশ

করেছিলে ইব্রাহীমের পরিবারবর্গের উপর। আর তুমি মুহাম্মদ ও তাঁর পরিজনবর্গের প্রতি বরকত নাযিল কর; যেমন বরকত নাযিল করেছ ইব্রাহীমের পরিজনবর্গের প্রতি। নিশ্চয় তুমি প্রশংসিত ও মহা সম্মানীয়।

আর সালাম কেমন, তা তো তোমরা জেনেছ।” (মুসলিম)[1]

## English

(243) Chapter: The Obligation of Supplicating Allah to Exalt His Mention and its Excellence, and its Manner

Abu Mas'ud Al-Badri (May Allah be pleased with him) reported:
We were sitting in the company of Sa'd bin 'Ubadah (May Allah be pleased with him), when the Messenger of Allah (ﷺ) came to us. Bashir bin Sa'd said: "O Messenger of Allah! Allah has commanded us to supplicate for you, but how should we do that?" The Messenger of Allah (ﷺ) kept silent. We were much perturbed over his silence and we wished he did not asked him this question. The Messenger of Allah (ﷺ) said, "Say: 'O Allah, exalt the mention of Muhammad and the family of Muhammad as you exalted the family of Ibrahim. And bless Muhammad and the family of Muhammad as You blessed the family of Ibrahim. You are the Praised, the Glorified,' and the method of greeting (i.e., Salam) is as you know."

[Muslim].

Commentary: In this Hadith, the Prophet (PBUH) has showed us that the manner of offering Salam was the same as the one mentioned in the previous Hadith. "Al'' means the wives of the Prophet (PBUH) and those of his relatives who were from Banu Hashim and Banu `Abdul-Muttalib and had embraced Islam. Some scholars are of the opinion that it is general and applies to all his followers.

This Hadith also teaches us that if one does not have knowledge of a religious matter, he must seek guidance from the knowledgeable scholars of Islam about it, rather than going by his opinion. Knowledgeable persons (scholars) here means persons who are well-versed in the Qur'an and Hadith and can answer questions in the light of them, and not from the sayings of others or from their own intelligence.

## ফুটনোট

[1] মুসলিম ৪০৫, তিরমিযী ৩২২০, নাসায়ী ১২৮৫, ১২৮৬, আবূ দাউদ ৯৭৯, আহমাদ ১৬৬১৯, ১৬৬২৪,

২১৮৪৭, মুওয়াত্তা মালিক ৩৯৮, দারেমী ১৩৪৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=27103

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন